দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ ... 20 JUN 1989 ...
পৃষ্ঠা ... ... ... কলাম ... ...

049

# দায়সারা কাজ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী পরীক্ষার ফল ছয়মাস পর অবশেষে প্রকাশ করা হলেও অধিকাংশ ছাত্রছাত্রী যথাসময়ে তা জানতে পারেনি। ঢাকার বাইরের কলেজগুলো ত দূরের কথা, রাজধানীর অধিকাংশ কলেজে ফল প্রকাশের পরদিনও রেজাল্ট শীট পৌঁছেনি। ফল প্রকাশের পর পরীক্ষার্থী-অভিভাবকদের দুশ্চিন্তা, উৎকন্ঠা কমার কথা, কিন্তু প্রকাশিত ফল কর্তৃপক্ষ সময়মত এবং যথাযথভাবে জানাবার ব্যবস্থা না করে এবার তাঁদের উদ্বেগ-উৎকন্ঠা শতগুণ বাড়িয়ে দেন।

কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনে রেজাল্ট শীট টানিয়ে দিয়ে তাদের প্রাথমিক কর্ম সম্পাদন করেছেন। তবে এতে পরীক্ষার ফল প্রকাশের দায়সারা হলেও কোনমতেই দায়িত্ব পালন করা হয় নাই।

ছয়মাস আগে অনুষ্ঠিত পরীক্ষার ফল আরো তিন মাস আগেই প্রকাশ করা উচিত ছিল। একটি বোর্ডের প্রায় দুই লাখ এস. এস. সি. পরীক্ষার্থীর ফল যদি স্কুল-শিক্ষকরা তিন মাসের মধ্যে দিয়ে দিতে পারেন তাহলে ৬০ হাজার ডিগ্রী পরীক্ষার্থীর ফল কলেজ ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-কর্মকর্তারা কেন মাসতিনেকের মধ্যে প্রকাশ করতে পারবেন না? নাকি এ ক্ষেত্রে স্তর যত উপরে ওঠে, দায়িত্ববোধ তত কমে যায়? আমরা সেশন জট এবং ছাত্রদের শিক্ষাজীবন দীর্ঘায়িত হবার জন্য মূলতঃ দেশের রাজনৈতিক অস্থিরতা এবং ছাত্রদের উচ্ছৃংখলতাকে দায়ী করি। অথচ এজন্য শিক্ষক-পরীক্ষক-বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তারাও যে একেবারে কম দায়ী নন ফল প্রকাশে অতিবিলম্ব তার একটি প্রমাণ।

কর্তৃপক্ষ সময়মত ফল ত প্রকাশ করতে পারেইনি, উপরন্তু বিলম্বে যে ফল প্রকাশ করেছেন তাতেও দায়িত্বহীনতার পরিচয় দিয়েছেন।

প্রশাসনিক ভবনের নোটিশ বোর্ডে যে ফল টানানো হয়েছে তার একটা অংশ ছিঁড়ে নিয়েছে কিছু কৃতকার্য পরীক্ষার্থী বাকী অংশ অকৃতকার্য। কৃতকার্যরা প্রমাণ দেখাবার জন্য, অকৃতকার্যরা ব্যর্থতার প্রমাণ ধ্বংস করে দেবার তাড়নায়। ফলে অন্য পরীক্ষার্থী বা অভিভাবকরা ফল দেখার সুযোগ পাননি।

পরীক্ষার ফল প্রকাশের সঙ্গে সঙ্গে কলেজগুলোতে তা পাঠিয়ে দেবার ব্যবস্থা করলে ছাত্রছাত্রীদের বিশ্ববিদ্যালয়ে এসে হুমড়ি খেয়ে পড়তে হতো না। ফল জানতে না পেয়ে উদ্বেগ-উৎকন্ঠার মধ্যেও থাকতে হতো না।

দূর-দূরান্তের ছাত্রছাত্রীদের পক্ষে ঢাকায় এসে রেজাল্ট দেখা সম্ভব নয়। সেজন্য প্রস্তুতিটা এমন হতে হবে যাতে সরকারীভাবে ফল প্রকাশের পর সম্ভাব্য স্বল্পতম সময়ের মধ্যে মফস্বলের কলেজগুলোতেও রেজাল্ট শীট পৌঁছে যায়। এটুকু দায়িত্ববোধ ও সুব্যবস্থার পরিচয়ও কি বিশ্ববিদ্যালয়ের কাছে থেকে আশা করা চলে না?